৭ম পরিষদের ২য় সাধারণ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব এ. এইচ. এম খায়রুজ্জামান (লিটন), মাননীয় মেয়র, রাজশাহী সিটি কর্পোরেশন।

সভার তারিখ ও সময় : ১৫.১১.২০২৩ খ্রিষ্টাব্দ (০৪.০৭.১৪৩০ বঙ্গাব্দ), বেলা ৩.০০ ঘটিকা।
স্থান : নগর ভবনের নির্ধারিত সভাকক্ষ (এনেক্স ভবন),
উপস্থিতি : পরিশিষ্ট ক, অনুপস্থিতি : পরিশিষ্ট খ, স্থায়ী কমিটির তালিকা : পরিশিষ্ট গ এবং মেয়রের প্যানেল : পরিশিষ্ট ঘ

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের পর সভাপতি স্বাগত বক্তব্য রাখেন। অতঃপর সভার আলোচ্যসূচির ক্রমিক অনুযায়ী আলোচনার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তাকে আহবান করেন। তৎপ্রেক্ষিত সভায় যথাক্রমে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।
আলোচ্যসূচি- ০১ : গত ২০ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৭ম পরিষদের ১ম সাধারণ সভার সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়করণ।
আলোচনা : প্রধান নির্বাহী কর্মকর্তা গত ২০ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৭ম পরিষদের ১ম সাধারণ সভার গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়করণের নিমিত্ত সভায় পাঠ করেন এবং এবিষয়ে মতামত প্রদানের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যবৃন্দ শ্রবনান্তে কোন ধরনের সংযোজন/বিয়োজন ব্যতিরেকে অনুমোদনের পক্ষে একমত পোষণ করেন।
সিদ্ধান্ত : গত ২০ অক্টোবর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ৭ম পরিষদের ১ম সাধারণ সভার গৃহীত সিদ্ধান্তসমূহ কোন ধরনের সংযোজন/বিয়োজন ব্যতিরেকে দৃঢ়করণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সচিব, রাসিক।

আলোচ্যসূচি- ০২ : ১৫ নভেম্বর, ২০২৩ খিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত বিশেষ বাজেট সভার সিদ্ধান্তসমূহ পাঠ ও দৃঢ়করণ।
আলোচনা : প্রধান নির্বাহী কর্মকর্তা ১৫ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিশেষ বাজেট সভার গৃহীত সিদ্ধান্তসমূহ দৃঢ়করণের নিমিত্ত সভায় পাঠ করেন এবং এবিষয়ে মতামত প্রদানের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। উপস্থিত সদস্যবৃন্দ শ্রবনান্তে কোন ধরনের সংযোজন/বিয়োজন ব্যতিরেকে অনুমোদনের পক্ষে একমত পোষণ করেন।
সিদ্ধান্ত : ১৫ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বিশেষ বাজেট সভার গৃহীত সিদ্ধান্তসমূহ কোন ধরনের সংযোজন/বিয়োজন ব্যতিরেকে দৃঢ়করণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, রাসিক।

আলোচ্যসূচি- ০৩ : রাজশাহী সিটি কর্পোরেশনের বর্তমান পরিষদের স্থায়ী কমিটিসমূহ এবং মেয়রের প্যানেল গঠন প্রসঙ্গে।
আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হয়। প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন; স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৫০ উপধারা (১) ও (২) নির্দেশনা অনুযায়ী কর্পোরেশন প্রত্যেক বৎসর উহার প্রথম সভায়, অথবা যথাশীঘ্র সম্ভব, তৎপরবর্তী কোন সভায় নিম্নবর্ণিত বিষয়াদির প্রত্যেকটি সম্পর্কে একটি করিয়া স্থায়ী কমিটি গঠন করিবে যাহার মেয়াদ দুই বৎসর ছয় মাস হইবে এবং দুই বৎসর ছয় মাস পর নূতন করিয়া কমিটি গঠন করিতে হইবে, যথা :– (ক) অর্থ ও সংস্থাপন; (খ) বর্জ্য ব্যবস্থাপনা; (গ) শিক্ষা, স্বাস্থ্য,

পরিবার পরিকল্পনা এবং স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা; (ঘ) নগর পরিকল্পনা ও উন্নয়ন; (ঙ) হিসাব নিরীক্ষা ও রক্ষণ; (চ) নগর অবকাঠামো নির্মাণ ও সংরক্ষণ; (ছ) পানি ও বিদ্যুৎ; (জ) সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার; (ঝ) পরিবেশ উন্নয়ন কমিটি; (ঞ) ক্রীড়া ও সংস্কৃতি কমিটি; (ট) জন্ম-মৃত্যু নিবন্ধন কমিটি; (ঠ) যোগাযোগ; (ড) বাজারমূল্য পর্যবেক্ষণ, মনিটরিং ও নিয়ন্ত্রণ; (ঢ) দুর্যোগ ব্যবস্থাপনা। কর্পোরেশনের সভার সিদ্ধান্তক্রমে প্রয়োজনবোধে অন্য কোন বিষয়ের জন্যও স্থায়ী কমিটি গঠন করিতে পারিবে। রাজশাহী সিটি কর্পোরেশনের ৬ষ্ঠ পরিষদে ধারা ৫০ উপধারা (১) তে বর্ণিত ১৪টি এবং ধারা ৫০ উপধারা (২) অনুসরণে ৬টি ( গোরস্থান, ঈদগাহ, শ্বশাণ ঘাট ব্যবস্থাপনা ও ধর্ম বিষয়ক স্থায়ী কমিটি, বিজ্ঞান ও তথ্য প্রযুক্তি আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক স্থায়ী কমিটি, রাজশাহী সিটি কর্পোরেশনের সম্পত্তি পুনরুদ্ধার ও সংরক্ষণ স্থায়ী কমিটি, ইতিহাস পুরাকীত্তি সংরক্ষণ ও পর্যটন উন্নয়ন স্থায়ী কমিটি, মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি এবং পার্ক ও বিনোদন স্পট ব্যবস্থাপনা স্থায়ী কমিটি) সর্বমোট ২০ টি স্থায়ী কমিটি ছিল। এছাড়াও স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ২০ (১) ধারা মোতাবেক সিটি কর্পোরেশন গঠিত হইবার পর অনুষ্ঠিত প্রথম সভার এক মাসের মধ্যে কাউন্সিলরগণ অগ্রাধিকারক্রমে তাহাদের নিজেদের মধ্য হইতে তিন সদস্য বিশিষ্ট একটি মেয়রের প্যানেল নির্বাচন করিবেন। তবে শর্ত থাকে যে, নির্বাচিত তিনজনের মেয়র প্যানেলের মধ্যে একজন অবশ্যই সংরক্ষিত আসনের কাউন্সিলর হইতে হইবে। তিনি বর্তমান পরিষদের কমিটি গঠনের আহবান জানালে সম্মানিত কাউন্সিলরগণ মাননীয় মেয়র কমিটি গঠনের সার্বিক একক সিদ্ধান্ত প্রদান করবেন মর্মে তাদের অভিন্ন মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে আলোচনার শেষে মাননীয় মেয়র সর্বমোট ২০ টি স্থায়ী কমিটি ও মেয়রের প্যানেল তালিকা প্রণয়ন করেন (যথাক্রমে পরিশিষ্ট- গ ও ঘ)। প্রণয়নকৃত স্থায়ী কমিটি ও মেয়রের প্যানেলকে উপস্থিত সকলে অভিনন্দন জানিয়ে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : কার্যবিবরনীর পরিশিষ্ট গ মোতাবেক গঠিত স্থায়ী কমিটিসমূহ এবং পরিশিষ্ট ঘ মোতাবেক গঠিত মেয়রের প্যানেল রাজশাহী সিটি কর্পোরেশনের ৭ম পরিষদের জন্য কার্যকর হবে। এ বিষয়ে স্থানীয় সরকার বিভাগের সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো। বাস্তবায়নে : সচিব, রাসিক।

আলোচ্যসূচি- ০৪ : বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন সম্পর্কে অবহিতকরণ।

আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় অবহিতকরণের নিমিত্ত উপস্থাপনপূর্বক প্রধান নির্বাহী কর্মকর্তা বিস্তারিত বর্ণনায় বলেন; সরকারি কর্মকান্ডে দক্ষতা ও দায়বদ্ধতা বৃদ্ধি, গতিশীলতা আনয়ন, সেবার মানোন্নয়ন এবং প্রাতিষ্ঠানের কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) প্রবর্তন করা হয়। এপিএতে সরকারের নির্বাচনী ইশতেহার, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা, মন্ত্রীসভায় গৃহীত সিদ্ধান্তসমূহ, অষ্টম পঞ্চবার্ষিক পরিকল্পনা, টেকশই উন্নয়ন অভীষ্ট ২০৩০, প্রেক্ষিত পরিকল্পনা ও ব-দ্বীপ পরিকল্পনাসহ মন্ত্রণালয়/বিভাগের অন্যান্য নীতি/পরিকল্পনায় বর্ণিত কার্যক্রমের আলোকে লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। এর ফলে উন্নয়ন পরিকল্পনাসমূহের সফল বাস্তবায়ন নিশ্চিত করা সম্ভব হচ্ছে। এছাড়াও, এপিএতে সুশাসন সংশ্লিষ্ট পাঁচটি কর্মপরিকল্পনা, যেমন শুদ্ধাচার, সেবা প্রদান প্রতিশ্রুতি, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, তথ্য অধিকার এবং ই-গভার্নেন্স ও উদ্ভাবন সংযুক্ত করা হয়েছে, যা সরকারি অফিসের কর্মসম্পাদন প্রক্রিয়ায় সুশাসন প্রতিষ্ঠায় সহায়ক হয়েছে। মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে প্রতি অর্থবছরের ন্যায় গত ২৫ জুন ২০২৩ খ্রিঃ তারিখে রাজশাহী সিটি কর্পোরেশনের সাথে স্থানীয় সরকার বিভাগের একটি চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উল্লিখিত চুক্তির দুইটি অংশ রয়েছে ১. এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র এবং ২. সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র। সভার সদস্যগণ এপিএ মূল্যায়ণ সম্পর্কে বর্ণনা জানতে চাইলে প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন ; লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রতি তিন মাস অন্তর মন্ত্রণালয়ে প্রেরিত অগ্রগতি প্রতিবেদনের উপর মূল্যায়ন হয়। বছর শেষে লক্ষমাত্রা অর্জিত হলেই হবেনা। প্রতি কোয়াটারে লক্ষ্য অনুযায়ী অগ্রগতি হতে হবে। এ বিষয়ে ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ যদি কোন অসুবিধা মনে করেন তবে সংশ্লিষ্ট বিষয়ক স্থায়ী কমিটির সভাপতির শরনাপন্ন হলে তাদের নিজ হতেও নির্দেশনা/পরামর্শ নিলে সমন্বয় জোরদার হবে। যা কাংখিত লক্ষমাত্রা অর্জনের সহায়ক। উপস্থাপিত সদস্যবৃন্দ একমত পোষণ করে বলেন ; যে কোন মূল্যে এপিএ অবস্থানে রাজশাহী সিটি কর্পোরেশনকে এবার ভালো করতে হবে।

সিদ্ধান্ত : রাজশাহী সিটি কর্পোরেশনের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) সফল বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ স্ব স্ব ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। সচিবালয় বিভাগ সার্বিক তদারকি করবে। বাস্তবায়নে : সচিব, রাসিক।

আলোচ্যসূচি- ০৫ : রাজশাহী সিটি কর্পোরেশন এলাকা সম্প্রসারণ অগ্রগতি সম্পর্কে অবহিতকরণ ও পরবর্তী করণীয় নির্ধারণ।

আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপনপূর্বক প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন; ১৯৮৭ সালে ৪৮.৪০ বর্গ কিলোমিটার এলাকা নিয়ে রাজশাহী পৌরসভার কার্যক্রম শুরু হয়। যা ১৯৯২ সালে ৯৬.৭২ বর্গ কিলোমিটারে উর্ন্নিতকরণপূর্বক রাজশাহী সিটি কর্পোরেশন হিসেবে প্রতিষ্ঠিত হয়। ১৯৯২ সালে সরকার কর্তৃক ৯৬.৭২ বর্গ কিলোমিটার এলাকা ০৪ টি থানার সমন্বয়ে রাজশাহী মেট্রোপলিটন পুলিশ এলাকা গঠিত হয়। ইতোমধ্যে সরকার রাজশাহী মেট্রোপলিটন পুলিশ এলাকা ৪৭২ বর্গ কিলোমিটারে সম্প্রসারিত করেছে। স্থানীয়সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর (৪) ধারা এবং স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) সীমানা পরিবর্তন (সম্প্রাসারণ এবং সংকোচন) বিধিমালা ২০১৩ এর বিধান অনুযায়ী রাজশাহী সিটি কর্পোরেশন এলাকা সম্প্রাসরণের কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য গত ১৯ ফেব্রুয়ারি ২০১৯ তারিখের গত পরিষদের কর্পোরেশনের তৃতীয় সাধারণ সভার ১৩ নং আলোচ্যসূচীর বিপরীতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রয়োজনীয় কাগজ পত্র প্রস্তুতপূর্বক গত ০৭ জুলাই, ২০১৯ খ্রিঃ তারিখের ৪৬.১২.০০০০.২৫৮.৪৩৭.১৯.১৩২২ নং স্মারকে রাজশাহী সিটি কর্পোরেশন এলাকার সম্প্রসারিত আয়তন (পূর্বে কাটাখালি পৌরসভা ও কয়েকটি ইউনিয়ন পরিষদ, উত্তরে নওহাটা পৌরসভাসহ কয়েকটি ইউনিয়ন পরিষদ, পশ্চিমে কোন পৌরসভা নাই, কিছ ুইউনিয়ন পরিষদ এলাকা ও দক্ষিনে পদ্মা নদী ও কয়েকটি ইউনিয়ন পরিষদ এলাকায়) ৩১৭.১৪ বর্গ কিলোমিটারের প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণ করা হয়। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগ এসংক্রান্ত বিভিন্ন তথ্য সংগ্রহ ও মতামতের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, রাজশাহী সিটি কর্পোরেশন, উপ মহাব্যবস্থাপক, বিসিক, রাজশাহী, জেলা পরিসংখ্যান অফিসার, রাজশাহী, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রাজশাহী, উপ-পরিচালক, জেলা পরিসংখ্যান কার্যালয়, রাজশাহী, ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার, ক্যান্টনমেন্ট বোর্ড, রাজশাহী এবং উপজেলা নির্বাহী অফিসার পবা/পুঠিয়া/চারঘাট বরাবর পত্র প্রেরণ করে। এমতাবস্থায় পাশরবর্তী স্থানীয় সংসদ সদস্যের আপত্তি ও বিভিন্ন জটিলতার কারণে অনুমোদন পাওয়া যায়নি। পরবর্তীতে মহামারী করোনা পরিস্থিতি ও পরিষদের মেয়াদ শেষ পর্যায়ে আসায় এলাকা সম্প্রসারণের বিষয়টি বাস্তবায়নে উদ্যোগ গ্রহণ করা সম্ভব হয়নি। প্রস্তাবিত এলাকায় অপরিকল্পিতভাবে নগরায়ন, বড়, ছোট ও মাঝারি শিল্প গড়ে উঠার ফলে ভূমি ব্যবস্থাপনা সঠিকভাবে হচ্ছেনা। প্রস্তাবিত এলাকার তিন চতুর্থাংশের অধিক অধিবাসী বয়স্ক নারী ও পুরুষ এবং তাদের বেশীরভাগের পেশা অকৃষি । প্রস্তাবিত এলাকায় নতুন শিল্প প্রতিষ্ঠান গড়ে উঠছে এবং বাণিজিকভাবেও বেশ গুরুত্বপুর্ণ হয়ে উঠেছে। প্রস্তাবিত এলাকার মধ্যে বিসিক শিল্প নগরী, চামড়া প্রক্রিয়াজাতকরণ শিল্প, ঔষধ শিল্প, গার্মেন্টস শিল্প, কৃষি উৎপাদিত পণ্যের প্রক্রিয়াজাতকরণ শিল্প, বিকেএসপি ইত্যাদি প্রতিষ্ঠান রয়েছে/গড়ে উঠছে। সম্প্রসারণের জন্য প্রস্তাবিত এলাকাসমূহে বিমানবন্দর ও কয়েকটি রেলওয়ে স্টেশন বিদ্যমান। তিনি এবিষয়ে আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থিত সকলকে অনুরোধ জানান। বিস্তারিত আলোচনায় উপস্থিত সদস্যগণ এ বিষয়ে দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের মতামত ব্যক্ত করেন।

সিদ্ধান্ত : রাজশাহী সিটি কর্পোরেশন এলাকা সম্প্রসারণ অগ্রগতির বিষয়টি পঠিত গণ্যে অবহিতকরণ হয়েছে। এলাকা সম্পসারণের বিষয়টি দ্রুত বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সচিব, রাসিক।

আলোচ্যসূচি- ০৬ : ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন, ২০০৫ বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে অবহিতকরণ।

আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা সভাকে অবহিত করেন; ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন, ২০০৫ বাস্তবায়নের জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহের জন্য তামাক নিয়ন্ত্রণ বাস্তবায়ন নির্দেশিকা জারী করা হয়েছে। উক্ত নির্দেশিকা বাস্তবায়নে এনআইএলজি

রাজশাহী সিটি কর্পোরেশনের শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্যরক্ষা ব্যবস্থা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ও প্রধান স্বাস্থ্য কর্মকর্তাকে ইতোমধ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করেছেন। প্রশিক্ষণের মাধ্যমে ৬৬ টি খএওং কর্তৃক কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। প্রণীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে এ সংক্রান্ত নির্দেশিকা অনুসরণপূর্বক নিম্নবর্ণিত গাইডলাইন প্রস্তুত করা হয়েছে, যা সভায় উপস্থিত সকলের অবগতির জন্য উপস্থাপন করা হলো।

১) ফোকাল পয়েন্টঃ রাজশাহী সিটি ফোকাল পয়েন্ট CHOনীতিমালা অনুযায়ী নভেম্বর ২০২৩ এর মধ্যে

২) পরিষদের সভা : স্থায়ী কমিটির সভায় আলোচনা করানোটিশের মাধ্যমে নভেম্বর ২০২৩ এর মধ্যে

৩) ওয়েব সাইন ও প্রকাশনাঃ স্থানীয় সরকারের তামাক নিয়ন্ত্রন আইন বাস্তবায়ন নির্দেশিকা ওয়েব সাইটে আপলোড করা।ICT শাখার মাধ্যমে অক্টোবর ২০২৩ এর মধ্যে

৪) প্রচারনা (ওয়ার্ড পর্যয়ে আলোচনা করা, লিফলেট, পোষ্টার তৈরী) পরিষদের অনুমতিক্রমে (প্রতিটি ওয়ার্ড পর্যায়ে)নভেম্বর ২০২৩ - জুন ২০২৪

৫) তামাক নিয়ন্ত্রণে বরাদ্দঃ স্থানীয় সরকারের তামাক নিয়ন্ত্রন আইন বাস্তবায়ন গাইডলাইন অনুসারে বাৎসরিক কর্ম পরিকল্পনা প্রস্তুত ও বাৎসরিক বাজেটে তামাক নিয়ন্ত্রণের জন্য বাজেট বরাদ্দ করা। ১,০০,০০০/-বাজেট বরাদ্দ প্রয়োজন নভেম্বর ২০২৩ - জুন ২০২৪

৬) আইনের প্রয়োগ বিভিন্ন পাবলিকপ্লেস ও পাবলিক পরিবহন পরিদর্শন করে তামাকজাত দ্রব্য ও বিজ্ঞাপন বন্ধ ও প্রিমিসেস লাইসেন্স এর পিছনে সচিত্র স্বাস্থ্য সতর্ক বাণী প্রদর্শন। নভেম্বর ২০২৩ - জুন ২০২৪

৭) স্কুল ও হাসপাতালঃ স্কুল ও হাসপাতালের ১০০ মিটারের মধ্যে তামাকজাত দ্রব্যের দোকান চিহ্নিত করা, নোটিশ প্রদান এবং অপসারণ করা। সরকারী ও সিটি কর্পোরেশনের মাধ্যমে মোবাইলকোর্ট পরিচালনা নভেম্বর ২০২৩ - জুন ২০২৪

৮) ধুমপান মুক্ত সাইন সকল দপ্তর প্রধানের মাধ্যমে নভেম্বর ২০২৩ - জুন ২০২৪

গাইডলাইন অনুযায়ী উপরেল্লিখিত কার্যক্রম বাস্তবায়নে প্রধান স্বাস্থ্য কর্মকর্তাকে সকল সম্মানিত কাউন্সিলর ও বিভাগীয় প্রধানগণ সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে উপস্থিত সকলে একমত পোষণ করেন।
সিদ্ধান্ত : ধুমপান ও তামাকজাত দ্রব্য ব্যবহার নিয়ন্ত্রণ আইন, ২০০৫ বাস্তবায়নে প্রধান স্বাস্থ্য কর্মকর্তাকে সকল সম্মানিত কাউন্সিলর ও বিভাগীয় প্রধানগণ সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, রাসিক।

আলোচ্যসূচি- ০৭ : ২৭ নং ওয়ার্ডে মোহাম্মদপুর (টিকাপাড়া) কারিগরি মাদ্রাসা স্থাপনের নিমিত্ত টিকাপাড়া কবরস্থানের উত্তরাংশে সংশোধিত তফসিল বর্ণিত শিরোইল মৌজায় আরএস খতিয়ান নং ৭, আরএস দাগ নং-৪৩৩৩, পরিমান-০.২২৪২ একর ভূমি বরাদ্দ প্রদান প্রসঙ্গে।
আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে সম্পত্তি কর্মকর্তা এ বিষয়ে বিস্তারিত সভায় বর্ণনা করেন। বিস্তারিত আলোচনায় উল্লিখিত ভূমি শর্ত সাপেক্ষে অস্থায়ীভিত্তিতে বরাদ্দ প্রদানের বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ একমত পোষণ করেন।
সিদ্ধান্ত : ২৭ নং ওয়ার্ডে মোহাম্মদপুর (টিকাপাড়া) কারিগরি মাদ্রাসা স্থাপনের নিমিত্ত টিকাপাড়া কবরস্থানের উত্তরাংশে সংশোধিত তফসিল বর্ণিত শিরোইল মৌজায় আরএস খতিয়ান নং ৭, আরএস দাগ নং-৪৩৩৩, পরিমান-০.২২৪২ একর ভূমি শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সচিব, রাসিক।
আলোচ্যসূচি-০৮ : সোনার বাংলা ফাউন্ডেশন-বাংলাদেশ কর্তৃক ডায়ালাইসিস সেন্টার স্থাপনের জন্য জায়গা বরাদ্দ প্রসঙ্গে।
আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে প্রধান স্বাস্থ্য কর্মকর্তা বিস্তারিত সভাকে অবহিত করেন। বিস্তারিত আলোচনায় হেতেমখা আরবান প্রাইমারী হেলথ্ কেয়ার সেন্টার শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে বরাদ্দ প্রদানের বিষয়ে উপস্থিত সদস্যগণ অভিন্ন মত পোষণ করেন।

সিদ্ধান্ত : সোনার বাংলা ফাউন্ডেশন-বাংলাদেশ কর্তৃক ডায়ালাইসিস সেন্টার স্থাপনের জন্য হেতেমখা আরবান প্রাইমারী হেলথ্ কেয়ার সেন্টার শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে বরাদ্দ প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সচিব, রাসিক।

আলোচ্যসূচি- ০৯ : ইন্টারনেট/ডিস লাইন প্রদানকারী প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠানের উপর ট্যাক্স নির্ধারণ প্রসঙ্গে।

আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে প্রধান রাজস্ব কর্মকর্তা বিস্তারিত সভাকে অবহিত করেন। এবিষয়ে আলোচনায় আলোচকগণ বলেন কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধি এবং মহানগরীতে অবস্থিত বৈদ্যুতিক পোলগুলি ইন্টারনেট ও ডিস তারের জঞ্জাল মুক্ত পরিচ্ছন্ন নগরীর সুনাম অক্ষুন্ন রাখতে এধরনের প্রতিষ্ঠানের উপর কর আরোপসহ নিয়ন্ত্রন করা প্রয়োজন। প্রধান রাজস্ব কর্মকর্তা এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করলে সম্মানিত কাউন্সিলরগণ সার্বিক সহযোগীতা প্রদান করবেন মর্মে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির স্বার্থে প্রধান রাজস্ব কর্মকর্তা ইন্টারনেট/ডিস লাইন প্রদানকারী প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠান, যাদের উপর কর আরোপ করা যায় তাদের তালিকা দ্রুততম সময়ের মধ্যে প্রস্তুত করবেন এবং বাস্তবায়নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। উল্লিখিত কার্যক্রম বাস্তবায়ে সম্মানিত কাউন্সিলগণ সার্বিক সহযোগীতা প্রদান করবেন। বাস্তবায়নে : প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক।

আলোচ্যসূচি- ১০ : ৩রা নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ জেল হত্যা দিবস পালন উপলক্ষে ৩,৫৮,০০০.০০ টাকা ব্যয় ভূতাপেক্ষ অনুমোদন।

আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপনসহ প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন; ৩রা নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ জেল হত্যা দিবস পালন উপলক্ষে জাতীয় চার নেতার প্রতি শ্রদ্ধা নিবেদন এবং দিবসটি যথাযোগ্য মর্যাদায় পালনের উদ্দেশ্যে কর্পোরেশন কর্তৃক গঠিত কমিটির সুপারিশ মোতাবেক বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হয়। উক্ত দিবস পালনে সর্বমোট ৩,৫৮,০০০/= (তিন লক্ষ আটান্ন হাজার) টাকা ব্যয় হয়। বর্তমান পরিষদের স্থায়ী কমিটি গঠিত না হওয়ায় উল্লিখিত ব্যয়ের ভূতাপেক্ষ অনুমোদন গ্রহণের জন্যই অদ্যকার সভায় উপস্থাপিত হয়েছে। বিস্তারিত আলোচনায় উপস্থিত সদস্যগণ উল্লিখিত ব্যয়িত অর্থের ভূতাপেক্ষ অনুমোদনের অভিন্ন মত প্রদান করেন।

সিদ্ধান্ত : ৩রা নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ জেল হত্যা দিবস পালন উপলক্ষে ৩,৫৮,০০০.০০ টাকা ব্যয় ভূতাপেক্ষভবে সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। বাস্তবায়নেঃ বাজেট কাম হিসাব রক্ষণ কর্মকর্তা, রাসিক।

আলোচ্যসূচি- ১১ : রাসিকের বিদ্যুৎ শাখার বৈদ্যুতিক সরঞ্জামাদি সংক্রান্ত ১৮,৯৯,২৩৮/= এবং ৩,৩৫,০০০/= টাকার প্রস্তাবিত ব্যয় অনুমোদন।

আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) বলেন; (ক) নগর ভবনের সম্মুখে প্রবেশপথে স্থাপিত দুটি লিফট পূর্ণাঙ্গরূপে চালুকরণের লক্ষ্যে এনেক্স ভবনে স্থাপিত সাবস্টেশন থেকে থ্রিফেজ বৈদ্যুতিক সঞ্চালন লাইন সংযোগের জন্য নগর ভবনের গ্রাউন্ড ফ্লোর হতে ৯ম তলা পর্যন্ত 1C-2×16 sq.mm ক্যাবল ৫০০ মিটার ও 1C-2×10 sq.mm ক্যাবল ৫০০ মিটার দ্বারা থ্রিফেজ সঞ্চালন লাইন সংযোজন, ভোল্টেজ চ্যানেল স্থাপন, ভোল্টেজের তারতম্যতা সামঞ্জস্য রাখার জন্য ২টি থ্রিফেজ 30KVA AVR, বজ্রপাত প্রতিরক্ষার জন্য ৪টি Earthing System, ২টি TP MCCB, ২০টি Cable Lux, MCCB Box ও আনুষঙ্গিক মালামাল সরবরাহ ও স্থাপন সংক্রান্ত প্রস্তাবিত ব্যয় ১৮,৯৯,২৩৮/= (আঠারো লক্ষ নিরানব্বই হাজার দুইশত আটত্রিশ) টাকা ইজিপিতে উন্মুক্ত ক্রয় পদ্ধতির মাধ্যমে এবং (খ) বালিয়াপুকুর মোড় হতে আর এইচ ছাত্রাবাস এবং বর্ণালী মোড় হতে সিএন্ডবি মোড় ১৫০ ও ২০০ ওয়াটের স্মার্ট ও আধুনিক এলইডি লাইটসেটগুলি নেসকো কর্তৃক গৃহীত সঞ্চালন লাইনের ট্রান্সফরমার ফল্ট, হাই ভোল্টেজ, ওভার হিটিং, শর্ট সার্কিট এর কারণে লাইটগুলির ড্রাইভার যে কোন সময় নষ্ট হয়ে যেতে পারে। উচ্চ প্রজ্জ্বলন ক্ষমতাসম্পন্ন আধুনিক ও স্মার্ট ১৫০ ও ২০০ ওয়াট এলইডি লাইটসেটগুলি দীর্ঘদিন প্রজ্জ্বলিত অবস্থায় রাখার জন্য ৫০০০ (পাঁচ হাজার) মিটার GNAT Cable ঈধনষব সংযোজন দ্বারা পৃথক সড়ক বাতির লাইন স্থাপন সংক্রান্ত কাজ বাবদ প্রস্তাবিত ব্যয় ৩,৩৫,০০০/= (তিন লক্ষ

পঁয়ত্রিশ হাজার) টাকার অনুমোদনসহ অনুরোধ জ্ঞাপন পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন গ্রহণের জন্যই অদ্যকার সভায় উপস্থাপিত হয়েছে। উপস্থাপিত প্রস্তাবিত ব্যয় অনুমোদনের অনুরোধ জানালে উপস্থিত সদস্যগণ তা অনুমোদনের পক্ষে মতামত ব্যক্ত করেন।

সিদ্ধান্ত : রাজশাহী সিটি কর্পোরেশনের বিদ্যুৎ শাখা কর্তৃক নগর ভবনের সম্মুখের প্রবেশপথে স্থাপিত দুটি লিফট পূর্ণাঙ্গরুপে চালুকরণের লক্ষ্যে বিভিন্ন সরঞ্জামাদি ক্রয় এবং স্থাপন সংক্রান্ত প্রস্তাবিত ব্যয় ১৮,৯৯,২৩৮/= (আঠারো লক্ষ নিরানব্বই হাজার দুইশত আটত্রিশ) টাকা ইজিপিতে উন্মুক্ত ক্রয় পদ্ধতির মাধ্যমে এবং বালিয়াপুকুর মোড় হতে আর এইচ ছাত্রাবাস এবং বর্ণালী মোড় হতে সিএন্ডবি মোড় পর্যন্ত GNAT Cable সংযোজন বাবদ প্রস্তাবিত ব্যয় ৩,৩৫,০০০/= (তিন লক্ষ পঁয়ত্রিশ হাজার) টাকা অনুরোধ জ্ঞাপন পদ্ধতির মাধ্যমে বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হলো। বাস্তবায়নে : প্রধান প্রকৌশলী, রাসিক।

আলোচ্যসূচি- ১২ : রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রনাধীন ‘সিটি সেন্টার মার্কেটের ২য় ফ্লোরে অবস্থিত দোকান/স্পেস বরাদ্দ মূল্য, বরাদ্দ মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর বাবদ অর্থ জমা প্রদান প্রসঙ্গে।

আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হলে ২১ নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলর জনাব মোঃ নিযাম উল আযীম বলেন; বিষয়টি সম্পর্কে তিনি অবগত রয়েছেন। এনা প্রোপার্টিজ লিঃ এর কর্তৃপক্ষের সাথে আলোচনা অব্যাহত রয়েছে এবং দ্রুততম সময়ের মধ্যে সমাধানের সম্ভাবনা রয়েছে। চলমান আলোচনায় আশানুরুপ ফলাফল না হলে বিষয়টি আগামী অনুষ্ঠিতব্য সাধারণ সভায় উপস্থাপনের প্রস্তাব করলে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : চলমান আলোচনায় আশানুরুপ ফলাফল না হলে রাজশাহী সিটি কর্পোরেশনের নিয়ন্ত্রনাধীন ‘সিটি সেন্টার মার্কেটের ২য় ফ্লোরে অবস্থিত দোকান/স্পেস বরাদ্দ মূল্য, বরাদ্দ মূল্যের উপর ১০% আয়কর এবং ১৫% মূল্য সংযোজন কর বাবদ অর্থ জমা প্রদানের বিষয়টি পরবর্তী সাধারণ সভায় উপস্থাপনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : প্রধান রাজস্ব কর্মকর্তা, রাসিক।

আলোচ্যসূচি- ১৩ : রাজশাহী সিটি কর্পোরেশন এমপ্লয়মেন্ট স্কিলস ডেভেলপমেন্ট ইন্সটিটিউট প্রতিষ্ঠাসহ কম্পিউটার, আসবাবপত্র ও আনুষঙ্গিক উপকরণ সরবরাহ প্রসঙ্গে।

আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হয়। কর্মসংস্থান সৃষ্টি এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে রাজশাহী সিটি কর্পোরেশন স্কিল ডেভেলপমেন্ট ইন্সটিটিউট অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে এবং এই উদ্যোগ সময়োপযোগী ও জনহিতকর হবে মর্মে উপস্থিত সকলে মতামত ব্যক্ত করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন; উক্ত ইন্সটিটিউট চালুকরণের ক্ষেত্রে কম্পিউটার, আসবাবপত্র ও আনুষঙ্গিক উপকরণ সরবরাহ করা প্রয়োজন, এছাড়াও উল্লিখিত প্রতিষ্ঠানের জনবল কাঠামো, প্রস্তাবিত প্রতিটি পদের দায়িত্ব, উক্ত প্রতিষ্ঠানের বার্ষিক আর্থিক সংশ্লেষ কত হবে এবং তা কিভাবে সংকুলান হবে তার বিবরণ এবং উক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম কেমন হবে তার বিবরণ ইত্যাদি তথ্যসম্বলিত প্রতিবেদন অবহিতকরণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরণের প্রস্তাব দিলে উপস্থিত সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : (ক) রাজশাহী সিটি কর্পোরেশন এমপ্লয়মেন্ট স্কিলস ডেভেলপমেন্ট ইন্সটিটিউট চালুকরণের ক্ষেত্রে কম্পিউটার, আসবাবপত্র ও আনুষঙ্গিক উপকরণ সরবরাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) দ্রুততম সময়ের মধ্যে উক্ত ইন্সটিটিউট এর জনবল কাঠামো, প্রস্তাবিত প্রতিটি পদের দায়িত্ব, উক্ত প্রতিষ্ঠানের বার্ষিক আর্থিক সংশ্লেষ কত হবে এবং তা কিভাবে সংকুলান হবে তার বিবরণ এবং উক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম কেমন হবে তার বিবরণ ইত্যাদি তথ্যসম্বলিত প্রতিবেদন অবহিতকরণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) এমপ্লয়মেন্ট স্কিলস ডেভেলপমেন্ট ইন্সটিটিউট প্রতিষ্ঠাকল্পে পেশাদারিত্বের অভিজ্ঞতাপ্রসূত সহযোগিতা ও সমন্বয় তদারকির জন্য প্রফেসর মহাঃ হবিবুর রহমান, সাবেক অধ্যক্ষ, রাজশাহী কলেজ কে অবৈতনিক (অনারারি) কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব প্রতিপালনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সচিব ও শিক্ষা কর্মকর্তা, রাসিক।

আলোচ্যসূচি- ১৪ : রাজশাহী সিটি কর্পোরেশনের অধীন শহীদ এ. এইচ. এম. কামারুজ্জামান নার্সিং কলেজ প্রতিষ্ঠাসহ কম্পিউটার, আসবাবপত্র ও আনুষঙ্গিক উপকরণ সরবরাহ প্রসঙ্গে।
আলোচনা : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হয়। দক্ষ মানব সম্পদ সৃষ্টির মাধ্যমে স্বাস্থ্য সেবায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখাসহ অত্র কর্পোরেশনের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে এধরনের প্রতিষ্ঠান প্রতিষ্ঠা উদ্যোগ সময়োপযোগী ও জনহিতকর হবে মর্মে উপস্থিত সকলে মতামত ব্যক্ত করেন। প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন; উক্ত ইন্সটিটিউট চালুকরণের ক্ষেত্রে কম্পিউটার, আসবাবপত্র ও আনুষঙ্গিক উপকরণ সরবরাহ করা প্রয়োজন, এছাড়াও উল্লিখিত প্রতিষ্ঠানের জনবল কাঠামো, প্রস্তাবিত প্রতিটি পদের দায়িত্ব, উক্ত প্রতিষ্ঠানের বার্ষিক আর্থিক সংশ্লেষ কত হবে এবং তা কিভাবে সংকুলান হবে তার বিবরণ এবং উক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম কেমন হবে তার বিবরণ ইত্যাদি তথ্যসম্বলিত প্রতিবেদন অবহিতকরণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরণের প্রস্তাব দিলে উপস্থিত সকলে একমত পোষণ করেন।
সিদ্ধান্ত : (ক) রাজশাহী সিটি কর্পোরেশনের অধীন শহীদ এ. এইচ. এম. কামারুজ্জামান নার্সিং কলেজ প্রতিষ্ঠাসহ কম্পিউটার, আসবাবপত্র ও আনুষঙ্গিক উপকরণ সরবরাহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) দ্রুততম সময়ের মধ্যে উক্ত ইন্সটিটিউট এর জনবল কাঠামো, প্রস্তাবিত প্রতিটি পদের দায়িত্ব, উক্ত প্রতিষ্ঠানের বার্ষিক আর্থিক সংশ্লেষ কত হবে এবং তা কিভাবে সংকুলান হবে তার বিবরণ এবং উক্ত প্রতিষ্ঠানের কার্যক্রম কেমন হবে তার বিবরণ ইত্যাদি তথ্যসম্বলিত প্রতিবেদন অবহিতকরণের নিমিত্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) শহীদ এ. এইচ. এম. কামারুজ্জামান নার্সিং কলেজ প্রতিষ্ঠাকল্পে পেশাদারিত্বের অভিজ্ঞতাপ্রসূত সহযোগিতা ও সমন্বয় তদারকির জন্য প্রফেসর মহাঃ হবিবুর রহমান, সাবেক অধ্যক্ষ, রাজশাহী কলেজ কে অবৈতনিক (অনারারি) কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব প্রতিপালনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সচিব ও শিক্ষা কর্মকর্তা, রাসিক।

আলোচ্যসূচি- ১৫ : সভার অনুষ্ঠানের তারিখ নির্ধারণ।
আলোচনা : : আলোচ্য বিষয়টি সভায় উপস্থাপিত হয়। এ বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা বলেন; স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৫০ উপধারা (৩) কর্পোরেশন প্রতি মাসের প্রথম সপ্তাহে যে কোন কার্য দিবসে অন্যূন একবার সভায় মিলিত হইবে এবং সভার তারিখ অব্যবহিত পূর্ববর্তী সভায় নির্ধারিত হইবে এবং উপধারা (৪) কর্পোরেশনের কোন সভায় পরবর্তী সভার তারিখ ও সময় নির্ধারিত না হইয়া থাকিলে, অথবা অব্যবহিত পূর্ববর্তী সভায় নির্ধারিত কোন সভার তারিখ ও সময়ে কর্পোরেশনের সভা অনুষ্ঠিত না হইলে সংশ্লিষ্ট কর্পোরেশনের মেয়র স্বীয় বিবেচনা অনুযায়ী কর্পোরেশনের সভা আহবান করিবেন। এবিষয়ে আলোচনাপূর্বক সিদ্ধান্ত গ্রহণের জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানান। বিস্তারিত আলোচনায় উপস্থিত সদস্যগণ মাননীয় মেয়রের স্বীয় বিবেচনা অনুযায়ী কর্পোরেশনের পরবর্তী সভা আহবানের মতামত ব্যক্ত করেন।
সিদ্ধান্ত : স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ৫০ উপধারা (৪) মোতাবেক মাননীয় মেয়রের স্বীয় বিবেচনা অনুযায়ী কর্পোরেশনের পরবর্তী সভা আহবান করবেন মর্মে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নে : সচিব, রাসিক।

বিবিধ প্রসঙ্গে কোন আলোচনা উত্থাপিত না হওয়ায় প্রধান নির্বাহী কর্মকর্তাকে বক্তব্য প্রদানের আহবান জানালে তিনি বলেন; গৃহীত সিদ্ধান্ত প্রচলিত আইনের সাথে সামঞ্জস্যমূলক হতে হবে। বিধি বহির্ভূত কোন সিদ্ধান্ত ভুলক্রমে গৃহীত হলে তা অকার্যকর এবং বাতিল বলে গণ্য হবে। সভাপতি তাঁর সমাপনী বক্তব্যে বলেন; প্রতিটি আলোচ্যসূচির বিপরীতে গঠনমূলক পর্যালোচনা করে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে প্রয়োজনীয় বিধিবিধান অনুসরণপূর্বক সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় উদ্যোগ নিশ্চিত করতে হবে। উন্নয়ন কাজের গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে সভায় দৃষ্টি আকর্ষণ করে উপস্থিত সকলকে দীর্ঘক্ষণ সভায় কার্যকর অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(এ. এইচ. এম খায়রুজ্জামান লিটন)
মেয়র

রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১২.৫০৮১.০০৩.০৭.০২২.২৩.                    তারিখ :          অগ্রহায়ণ, ১৪৩০/ নভেম্বর, ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
৩। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৪। বিভাগীয় প্রধান,......................................................(সকল), রাসিক।

প্রধান নির্বাহী কর্মকর্তা
রাজশাহী সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১২.৫০৮১.০০৩.০৭.০২২.২৩.                    তারিখ :     অগ্রহায়ণ, ১৪৩০/ নভেম্বর, ২০২৩

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। জনাব/বেগম---------------------------------------------সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/জোন নং---------রাসিক
২। মাননীয় মেয়রের ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)
৩। প্রধান নির্বাহী কর্মকর্তার ব্যক্তিগত সহকারী, রাজশাহী সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তার সদয় অবগতির জন্য)
৪। অফিস নথি।

সচিব
রাজশাহী সিটি কর্পোরেশ